

এফ,ডি,সার্কুলার নং-১২১

তারিখঃ ১৮/০৩/২০১৪

সকল উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক
প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়
লোকাল অফিস/এরিয়া অফিস
আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখা
সকল শাখা ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
বাংলাদেশ।

বিষয়ঃ আমদানি ঋণপত্রের বিপরীতে বিলের মূল্য যথাসময়ে পরিশোধ প্রসংগে।

জনাব,

শিরোনামীয় বিষয়ে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা তাদের বিআরপিডি সার্কুলার নং-০৬ তারিখ ১২-০৩-২০১৪ মারফত আমদানি ঋণপত্রের বিপরীতে বিলের মূল্য যথাসময়ে পরিশোধ সংক্রান্ত বিষয়ে জারীকৃত নির্দেশনা নিম্নে ছবছ উল্লেখ করা হলোঃ

উদ্ধৃতঃ

কোনো কোনো তফসিলী ব্যাংক আমদানি ঋণপত্রের বিপরীতে বিলের মূল্য পরিশোধে অনাকাঙ্ক্ষিত বিলম্ব করছে মর্মে বাংলাদেশ ব্যাংকে অভিযোগ আসছে। এর ফলে দেশের ব্যাংক ব্যবস্থার ভাবমূর্ত্তি ক্ষণ্ন হচ্ছে এবং বিলম্বের জন্য সুদ পরিশোধসহ ঋণপত্রে বিদেশী ব্যাংকের কনফার্মেশন বাবদ ব্যয় বৃদ্ধি পাচ্ছে, যা বৈদেশিক আমদানিকে ব্যয়বহুল করছে। এ ধরনের অনিয়মের ফলে আমদানি ব্যয়ের বৃদ্ধি সরাসরি দ্রব্যমূল্যকে বিরূপভাবে প্রভাবিত করে, যাতে জনস্বার্থ বিঘ্নিত হয়।

অতএব, অনুমোদিত ডিলার ব্যাংকের স্থাপিত আমদানি ঋণপত্রের বিপরীতে সরবরাহকারীর বিলের স্বীকৃত দায়ের মূল্য যথাসময়ে (Value Date/ Maturity Date) পরিশোধ সম্পন্ন করার জন্য ব্যাংক কোম্পানী আইন ১৯৯১ এর ৪৫ নং ধারায় অর্পিত ক্ষমতা বলে আপনাদেরকে নির্দেশ দেয়া হলো। এই নির্দেশ পরিপালনে ব্যর্থতায় আইনের ১০৯(৭) নং ধারার আওতায় জরিমানা আরোপযোগ্য হবে।

অনুদৃতঃ

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক জারীকৃত উক্ত সার্কুলারের নির্দেশনা যথাযথভাবে পরিপালনের জন্য অত্র ব্যাংকের সকল এডি শাখাসহ সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলো।

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুদ্দিন মিয়া)
সহকারী মহাব্যবস্থাপক

(মোঃ আবদুল আউয়াল)
উপ-মহাব্যবস্থাপক

অনুলিপিঃ-

- ১। কোম্পানী সেক্রেটারী, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। পি এস টি সিইও এন্ড এমডি/ উপ-ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। পি এ টি সকল মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা; লোকাল অফিস, ঢাকা; বিভাগীয় কার্যালয়, ঢাকা-উত্তর/ ঢাকা-দক্ষিণ/ চট্টগ্রাম/ রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর।
- ৪। নথি।

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং- ০৬

মার্চ ১২, ২০১৪
তারিখ : -----
ফাল্গুন ২৮, ১৪২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

আমদানি ঋণপত্রের বিপরীতে বিলের মূল্য যথাসময়ে পরিশোধ প্রসঙ্গে।

কোনো কোনো তফসিলী ব্যাংক আমদানি ঋণপত্রের বিপরীতে বিলের মূল্য পরিশোধে অনাকাঙ্ক্ষিত বিলম্ব করছে মর্মে বাংলাদেশ ব্যাংকে অভিযোগ আসছে। এর ফলে দেশের ব্যাংক ব্যবস্থার ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে এবং বিলম্বের জন্য সুদ পরিশোধসহ ঋণপত্রে বিদেশী ব্যাংকের কনফার্মেশন বাবদ ব্যয় বৃদ্ধি পাচ্ছে, যা বৈদেশিক আমদানিকে ব্যয়বহুল করেছে। এ ধরনের অনিয়মের ফলে আমদানি ব্যয়ের বৃদ্ধি সরাসরি দ্রব্যমূল্যকে বিরূপভাবে প্রভাবিত করে, যাতে জনস্বার্থ বিঘ্নিত হয়।

অতএব, অনুমোদিত ডিলার ব্যাংকের স্থাপিত আমদানি ঋণপত্রের বিপরীতে সরবরাহকারীর বিলের স্বীকৃত দায়ের মূল্য যথাসময়ে (Value Date/Maturity Date) পরিশোধ সম্পন্ন করার জন্য ব্যাংক কোম্পানী আইন ১৯৯১ এর ৪৫ নং ধারায় অর্পিত ক্ষমতাবলে আপনাদেরকে নির্দেশ দেয়া হলো। এই নির্দেশ পরিপালনে ব্যর্থতায় আইনের ১০৯(৭) নং ধারার আওতায় জরিমানা আরোপযোগ্য হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আনোয়ারুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০০৯৪